

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৩৭১

আগরতলা, ১৬ অক্টোবর, ২০২৩

যুব উৎসব : আগরতলায় প্রস্তুতি সভা

আগামী ২৬-৩০ নভেম্বর রাজ্যভিত্তিক প্রতিযোগিতাগুলি অনুষ্ঠিত হবে। ১ থেকে ১০ নভেম্বরের মধ্যে রাজ্যে জেলাভিত্তিক যুব উৎসবগুলি অনুষ্ঠিত হবে। ২০ অক্টোবরের মধ্যে রাজ্যের ব্লকগুলিতে যুব উৎসবের আয়োজন করা হবে। সম্প্রতি ভগৎ সিং যুব আবাসে যুব উৎসব আয়োজন উপলক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি হরিদুলাল আচার্য। সভায় উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের ডেপুটি মেয়র মণিকা দাস দত্ত, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়কে চেয়ারম্যান করে ১৯ সদস্যের রাজ্যভিত্তিক যুব উৎসবের পরিচালন কমিটি গঠন করা হয়। সভায় জানানো হয়, এবছর ব্লক, জেলা ও রাজ্যভিত্তিক যুব উৎসবে ৫টি বিভাগে বিভিন্ন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।
